দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
২২

023

তারিখ ... 04 AUG 1988 ...
পৃষ্ঠা ... 4 ...

রমনা রেলওয়ে স্কুল

# ছাত্র শিক্ষকদের অনশনের তৃতীয় দিন অতিবাহিত

(মেডিক্যাল রিপোর্টার)

স্থায়ী জায়গা বরাদ্দ না করে ওসমানী উদ্যান থেকে উচ্ছেদ করার প্রতিবাদে রমনা রেলওয়ে উচ্চ বিদ্যালয়ের ছাত্রছাত্রী, শিক্ষক-শিক্ষিকা, কর্মচারী ও অভিভাবকদের অনশনের তৃতীয় দিন গতকাল অতিবাহিত হয়েছে। গত দিনে অনশনরত ৫ জন ছাত্র অসুস্থ হয়ে পড়লে তাদেরকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

এরা হচ্ছে আলমগীর, কায়ছার, মোক্তার, আমীর হোসেন ও আরিফ। এরা সবাই ৮ম শ্রেণীর ছাত্র।

এদিকে জাতীয়তাবাদী ছাত্রদল (কামাল-বাশার) কেন্দ্রীয় সংসদের সভাপতি মোঃ কামালউদ্দিন ও সাধারণ সম্পাদক আবুল বাশার ও ভাস্কর শিশু কিশোর সংগঠনের কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ পৃথক বিবৃতিতে রমনা রেলওয়ে উচ্চবিদ্যালয়ের অনশনরত ছাত্রছাত্রীদের দাবীর প্রতি সমর্থন জানিয়েছেন।